সংবাদ

১১।২।৮১

029

# প্রাথমিক বিদ্যালয় পরিচালনা সংক্রান্ত স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ গঠনের খসড়া বিল অনুমোদিত

গতকাল অনুষ্ঠিত মন্ত্রিপরিষদের বৈঠকে দেশের প্রত্যেক মহকুমা অথবা সরকার নির্ধারিত অন্য কোন ভৌগোলিক এলাকায় স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ প্রতিষ্ঠা সংক্রান্ত খসড়া বিল অনুমোদন করা হয়েছে।

রাষ্ট্রপতি জিয়াউর রহমান বৈঠকে সভাপতিত্ব করেন।

একজন সরকারী মুখপাত্র বাসসকে জানান, প্রাথমিক বিদ্যালয়গুলোর সুষ্ঠু পরিচালনা এবং দেশে সংগঠিত ও পরিকল্পিত প্রাথমিক শিক্ষার জন্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য এই প্রস্তাবিত আইনে উপযুক্ত ব্যবস্থা রাখা হয়েছে।

সরকারী প্রাথমিক শিক্ষকদের সমস্যাবলী ও চাকুরীর শর্তাবলী পরীক্ষা করে দেখার জন্যে সরকারের নিযুক্ত কমিটির সুপারিশের ভিত্তিতে এই প্রস্তাবিত আইনটি প্রণয়ন করা হয়েছে।

শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আবদুল বাতেনের নেতৃত্বে গঠিত কমিটিতে রয়েছেন ৪ জন সংসদ সদস্য, প্রাথমিক শিক্ষক সমিতির তিনজন প্রতিনিধি—

## বিল অনুমোদিত

(১ম পাতার পর

জনাব আবুল কালাম আজাদ, কাজী ফজলুল হক এবং মিসেস জাহানারা খানম এবং শিক্ষা মন্ত্রণালয়ের তিনজন উর্ধতন কর্মকর্তা। সরকারী মুখপাত্রের মতে, এই কমিটি সর্বসম্মতিক্রমে স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ প্রতিষ্ঠার সুপারিশ করেছেন।

স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ গঠনের বিস্তারিত ব্যাখ্যা দিতে গিয়ে মুখপাত্র জানান, এতে থাকবেন প্রত্যেক থানা থেকে একজন গ্রাম প্রধান, প্রত্যেক থানা উন্নয়ন পরিষদের চেয়ারম্যান, প্রত্যেক থানা থেকে সরকারী প্রাথমিক শিক্ষকদের একজন নির্বাচিত প্রতিনিধি। পদাধিকার বলে মহকুমা প্রশাসক এই কমিটির চেয়ারম্যান এবং মহকুমা প্রাথমিক শিক্ষা অফিসার সম্পাদক হবেন। এই শিক্ষা কর্তৃপক্ষের ভাইস চেয়ারম্যান নির্বাচিত হবেন সদস্যদের মধ্য থেকে।